দৈনিক
জনকণ্ঠ

তারিখ 20 APR 2015
তারিখ 20 APR 2015
১৩ ... কলাম ... ৩

ঢাকা ॥ সোমবার, ৭ বৈশাখ ১৪২২ বঙ্গাব্দ, ২০ এপ্রিল ২০১৫ খ্রিস্টাব্দ

# ঢাবিতে যৌন হয়রানির প্রতিবাদে দিনভর বিক্ষোভ মিছিল সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বর্ষবরণের দিনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নারীদের ওপর যৌন নিপীড়নের ঘটনার প্রতিবাদ অব্যাহত রয়েছে। ঘটনার পর পাঁচ দিন অতিবাহিত হলেও জড়িতদের কাউকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। এদিকে এ ঘটনার প্রতিবাদ জানিয়ে রবিবার দিনভর বিক্ষোভ মিছিল, মানববন্ধন ও সমাবেশ পালিত হয়েছে। এসব কর্মসূচী থেকে এ ঘটনার সুষ্ঠ তদন্ত, দোষীদের গ্রেফতার ও বিচার দাবি করা হয়। যৌন নিপীড়নকারীদের গ্রেফতার ও কঠোর শাস্তির দাবি জানিয়ে রবিবার সকাল ১১টার দিকে ছাত্রফ্রন্টের ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শাখা ও ছাত্র ফেডারেশনের ঢাবি শাখা আলাদাভাবে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন স্থান ঘুরে কেন্দ্রীয় লাইব্রেরির সামবেশ করে।

সমাবেশে সংগঠনের সভাপতি জনার্দন দত্ত নান্টু এবং সাধারণ সম্পাদক ইমরান হাবিব রুমনের উপস্থাপনায় বক্তব্য রাখেন- ছাত্রনেতা নাসিরউদ্দিন প্রিন্স, রুখসানা আফরোজ আশা, মৈত্রী বর্মন এবং প্রীতিলতা।

এ সময় বক্তারা বলেন, লাঞ্ছনাকারী সন্ত্রাসীদের রক্ষা করার জন্য পুলিশ ও ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন বলছে ওই দিন এ ধরনের কোন ঘটনা ঘটেনি। অথচ সিসি টিভির ফুটেজ এবং বিভিন্ন টিভি চ্যানেলের ফুটেজেই লাঞ্ছনার ঘটনার প্রমাণ আছে এবং জড়িতদেরও দেখা যাচ্ছে। সন্ত্রাসীদের সঙ্গে সরকারের প্রভাবশালীদের যোগসাজশ আছে বলে সন্দেহ প্রকাশ করেন নেতৃবৃন্দ। ছাত্র ফেডারেশনের মিছিল শেষে ডাকসু ক্যাফেটেরিয়ার সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সংগঠনটির কেন্দ্রীয় সভাপতি সৈকত মল্লিকের সভাপতিত্বে সাংগঠনিক সম্পাদক রফিকুল বাপ্পি, গোলাম মোস্তফা, কেন্দ্রীয় অর্থ সম্পাদক ও ঢাকা মহানগরের সভাপতি মিজান রহমান, দফতর সম্পাদক কাঁকন বিশ্বাস, ঢাবি শাখার সহসাধারণ সম্পাদক হাবিবা জান্নাত প্রমুখ বক্তব্য রাখেন। এদিকে মানববন্ধন কর্মসূচী সফল করার জন্য কর্মসূচীর সমর্থনে বাংলাদেশ ছাত্র ইউনিয়নের নেতাকর্মীরা সারাদিন শিক্ষার্থীদের মাঝে লিফলেট বিতরণ করেন। দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের শিক্ষার্থীরা অনুষদের সামনের রাস্তায় প্রতিবাদ সমাবেশ করেন। অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনসহ শতাধিক শিক্ষার্থী এ সময় উপস্থিত ছিলেন। এ সময় তাঁরা ঘটনার সুষ্ঠু তদন্ত ও দোষীদের বিচারের দাবি জানিয়ে ২৪ ঘণ্টার আল্টিমেটাম দেন। দুপর একটার দিকে দোয়েল চত্বরে মুখে কালো কাপড় বেঁধে পদার্থ বিজ্ঞান বিভাগের প্রায় শতাধিক শিক্ষার্থী মানববন্ধন করেন। এ সময় তাঁরা 'যৌন সন্ত্রাস নিপাত যাক, ডোন্ট ব্লেম অন ড্রেস/চেঞ্জ মেন্টালিটি, ইস নট এব্যাউট দ্য ড্রেস/ ইটস মেন্টালিটি' প্রভৃতি প্ল্যাকার্ড বহন করেন। মানববন্ধনে বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী রনি বলেন, এ ধরনের ঘটনা আমাদের ক্যাম্পাসে এর আগেও অনেক ঘটেছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন যদি তখন কঠোর পদক্ষেপ নিত তাহলে হয়ত পহেলা বৈশাখে এ ধরনের ন্যাক্কারজনক ঘটনা ঘটত